

■ সুনান আবু দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ১২৪৮

২/ সালাত (الصلاه)

পরিচ্ছেদঃ ২৮৮. যিনি বলেন, ইমাম প্রত্যেক দলের সাথে দু' রাক'আত করে সালাত আদায় করবেন

بَابْ مَنْ قَالَ يُصَلِّي بِكُلِّ طَائِفَةٍ رَكْعَتَيْنِ

আরবী

حَدَّثَنَا عُبَيْدُ اللَّهِ بْنُ مُعاَذٍ، حَدَّثَنَا أَبِي، حَدَّثَنَا الْأَشْعَثُ، عَنِ الْحَسَنِ، عَنْ أَبِي بَكْرَةَ، قَالَ :
 صَلَّى النَّبِيُّ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فِي خَوْفِ الظُّهُرِ فَصَفَّ بَعْضَهُمْ خَلْفَهُ وَيَعْضُهُمْ يَإِزَاءِ
 الْعَدُوِّ فَصَلَّى بِهِمْ رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ، فَانْطَلَقَ الَّذِينَ صَلَّوْا مَعَهُ فَوَقَفُوا مَوْقِفًا أَصْحَابِهِمْ،
 ثُمَّ جَاءَ أُولَئِكَ فَصَلَّوْا خَلْفَهُ فَصَلَّى بِهِمْ رَكْعَتَيْنِ ثُمَّ سَلَّمَ فَكَانَتْ لِرَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ
 عَلَيْهِ وَسَلَّمَ أَرْبَعًا وَلَا صَحَابَهِ رَكْعَتَيْنِ رَكْعَتَيْنِ . وَكَذَلِكَ كَانَ يُفْتَنِي الْحَسَنُ. قَالَ أَبُو دَاؤِدَ :
 وَكَذَلِكَ فِي الْمَغْرِبِ يَكُونُ لِلإِمَامِ سِتَّ رَكَعَاتٍ وَلِلنَّاسِ ثَلَاثًا.

- صحيح -

قال أبا داؤد : وكذاك رواه يحيى بن أبي كثير عن أبي سلمة عن جابر عن النبي صلي الله عليه وسلم وكذاك قال سليمان اليشكري عن جابر عن النبي صلي الله عليه وسلم

বাংলা

১২৪৮। আবু বকরাহ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, নবী সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম ভয়-ভীতির সময় যুহরের সালাত আদায় করেছেন। এ সময় লোকজনের কিছু সংখ্যক তাঁর পিছনে কাতারবদ্ধ হয় এবং কিছু সংখ্যক কাতারবদ্ধ হয় শত্রুর মুকাবিলায়। অতঃপর তিনি দু' রাক'আত সালাত আদায় করে সালাম ফিরান। তাঁর সঙ্গে সালাত আদায়কারীরা সরে গিয়ে (পিছনের) সঙ্গীদের স্থানে গিয়ে দাঁড়ালো এবং তারা এসে দাঁড়ালো তাঁর পিছনে। তিনি তাদেরকে নিয়ে দু' রাক'আত সালাত আদায় করে সালাম ফিরালেন। ফলে রাসূলুন্নাহ সান্নান্নাহ আলাইহি ওয়াসান্নাম এর হলো চার রাক'আত এবং তাঁর সাহাবীদের হলো দু' দু' রাক'আত। হাসান বাসরী (রহঃ)

এরূপই ফাতাওয়াহ দিতেন। ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, এরূপে মাগরিবের সালাতে ইমামের হবে ছয় রাক'আত এবং অন্যদের হবে তিন রাক'আত।[1]

সহীহ।

ইমাম আবু দাউদ (রহঃ) বলেন, অনুরূপ বর্ণনা করেছেন ইয়াহইয়া ইবনু আবু কাসীর, আবু সালামাহ হতে জাবির থেকে মারফু'ভাবে। অনুরূপ বলেছেন সুলায়মান ইয়াশকুরী, জাবির হতে মারফু'ভাবে।

English

Narrated AbuBakrah:

The Prophet (ﷺ) offered the noon prayer in time of danger. Some of the people formed a row behind him and others arrayed themselves against the enemy. He led them in two rak'ahs and then he uttered the salutation. Then those who were with him went away and took the position of their companions before the enemy. Then they came and prayed behind him. He led them in two rak'ahs and uttered the salutation. Thus the Messenger of Allah (ﷺ) offered four rak'ahs and his companions offered two rak'ahs.

Al-Hasan used to give legal verdict on the authority of this tradition.

Abu Dawud said: This will be so in the sunset prayer. The imam will offer six rak'ahs and the people three rak'ahs.

Abu Dawud said: Yahya b. Abi Kathir narrated from Abu Salamah from Jabir from the Prophet (ﷺ) something similar. Sulaiman al-Yashkuri reported it from the Prophet (ﷺ) in like manner.

ফুটনোট

[1] নাসায়ী (অধ্যায়ঃ সালাতুল খাওফ, হাঃ ১৫৫০), আহমাদ (৫/৩৯, ৪৯) সকলে আশ'আস হতে।

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী □ বর্ণনাকারীঃ আবু বাকরা (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=58566>

ও হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন